চুয়াডাঙ্গায় ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় তিন স্বেচ্ছাসেবক লীগ নেতা গ্রেফতার

ডিজিটাল নিরাপত্তা আইনে করা মামলায় চুয়াডাঙ্গায় স্বেচ্ছাসেবক লীগের তিন নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার দিনগত রাত ২টার দিকে শহরের শহীদ হাসান চত্বর থেকে তাদের গ্রেফতার করা হয়। তাদের বিরুদ্ধে চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনকে নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে কটুক্তির অভিযোগ এনে চুয়াডাঙ্গা সদর থানায় মামলা রয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন, চুয়াডাঙ্গা শহরতলী দৌলাতদিয়াড় গ্রামের ইকতিয়ার উদ্দিনের ছেলে সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম-আহ্বায়ক ইমরান আহমেদ (৩২), চুয়াডাঙ্গা পৌরসভা এলাকার বাগানপাড়ার আবু বক্করের ছেলে ৫নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মো. তাওরাত (২৬) ও পোস্ট অফিসপাড়ার মোস্তাফিজুর রহমানের ছেলে ৩নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের সাংগঠনিক সম্পাদক মো. দিশান।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ খান জানান, ২০২০ সালের ১৯ আগস্ট জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেন বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে একটি মামলা দায়ের করেন। মামলায় উল্লেখ করা হয়, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির একটি বক্তব্যের ভিডিও বিকৃত করে ফেসবুকে প্রচার করে আসামীরা।

ওসি আরো জানান, দায়েরকৃত মামলায় ছয় জনের নাম উল্লেখসহ আরো ৪০-৫০ জনকে আসামী করা হয়েছে।

গাংনীর ষোলটাকা ইউনিয়নে চাল নিয়ে চালবাজী

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলাটাকা ইউনিয়ন পরিষদ থেকে ভ্যানভর্তি সরকারি ভিজিডির চাউল আটক করেছে স্থানীয় জনতা। চাউল আত্মসাতের জন্য নিয়ে যাওয়া হচ্ছে বলেও অভিযোগ তাদের। তবে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের দাবী, করোনাকালীণ সময়ে কার্ডধারীদের বাড়ি বাড়ি চাউল পৌছানোর জন্য নিয়ে যাওয়া হচ্ছিল।

স্থানীয়রা জানান, বৃহস্পতিবার সকালে ষোলটাকা ইউনিয়ন পরিষদ থেকে প্রায় ৪০ বস্তা ভিজিডির চাউল ভ্যানে করে চৌকিদাররা নিয়ে যাচ্ছিল। এসময় কয়েকজনের সন্দেহ হলে ভ্যানসহ চাল আটকে দেয়া হয়। স্থানীয়দের দাবী ইউপি চেয়ারম্যান কোনো রকম সরকারি নিয়মনীতি না মেনেই চাউল নিয়ে যাচ্ছেন। চৌকিদাররা জানান, চেয়ারম্যানের আদেশ পেয়ে তারা চাল নিয়ে বাড়ি বাড়ি পৌছে দিবেন। এটা নিয়ম বহির্ভূত বলে দাবী স্থানীয়দের।

কয়েকজন কার্ডধারী জানান, পরপর দুদিন তারা চাউল নিতে পরিষদে আসলেও দেয়া হয়নি। এবছর যে চাঊল দেয়া হচ্ছে তা খাবার উপযোগী নয় বলে অভিযোগ তাদের। খাদ্যগুদামে পচা চাউল দিয়েছেন,তা পরিবর্তন করা না হলে এ চাউল খেয়ে মানুষ অসুস্থ্য হতে পারে বলে জানান উপকারভোগীরা।

ঘটনা স্থলের প্রত্যক্ষর্শী আনোয়ার পাশা জানান, শেখ হাসিনার বাংলাদেশ, ক্ষুধা হবে নিরুদ্দেশ এ শ্লোগান সংবলিত বেশ কিছু বস্তা ভ্যানে নিয়ে যাচ্ছিলেন। স্থানীয়রা তা আটকিয়ে দেন। পরে আমি এখানে এসে দেখি ভরত নামের এক গ্রামপুলিশ ভ্যান ভর্তি করে চাউল নিয়ে যাওয়ার সময় তা আটকিয়ে রাখা হয়। অসৎ কোনো উদ্দেশ্য থাকতে পারে। প্রশাসনের ক্ষতিয়ে দেখা দরকার।

বিষয়টি স্বীকার করে ইউপি মেম্বর আব্দুল গনি জানান, চাউল নিম্নমানের হওয়ায় তা পরিবর্তনের জন্য খাদ্য অফিসার ও ইউএনও স্যারকে জানিয়ে ফেরত দেয়া হয়। পরে চাউল নিয়ে এসে বিতরণ করা হচ্ছে। তবে আজকের চাউল বিতরনের বিষয়ে ইউপি চেয়ারম্যান আমাকে কিছুই জানায়নি। তাছাড়া উপকারভোগীদের নামের তালিকায় কোনে স্বাক্ষর নেয়া হয়নি। চেয়ারম্যান তার মনগড়া কাজ করে চলেছেন।

এব্যাপারে ইউপি চেয়ারম্যান মনিরুজ্জামান জানান, পরপর দুদিন লোকজন ফেরত গিয়েছে। করোনার রসময় লেঅকজনকে হয়রানীর হাত থেকে রক্ষা করতে চৌকিদারের মাধ্যমে তালিকা অনুযায়ি বাড়ি বাড়ি চাউল পৌছানোর উদ্যোগ নেয়া হয়েছে। যদি কেউ চাউল না পান তাহলে অভিযোগ করতে পারেন। চাউল বিতরণ সুষ্ঠুভাবে যাতে হয় সেজন্য চৌকিদার নিয়োগ করা হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ বলেন,বিষয়টি চেয়ারম্যান মনিরুজ্জামান আমাকে জানিয়েছিলেন। তিনি কার্ডধারীদের বাড়িবাড়ি গিয়ে চৌকিদারদের দিয়ে চাউল পৌচ্ছে দিচ্ছেন এতে মানুষ একটু বেশিই সুবিধা পাবেন। তবে স্থানীয়দের অভিযোগ ভিত্তিহীন বলে জানান তিনি।

৯ম বঙ্গবন্ধু বাংলাদেশ গেমসে গোল্ড মেডেল পেলেন মেহেরপুরের মেহেদী

৯ম বঙ্গবন্ধু বাংলাদেশ গেমসের বাস্কেটবল পুরুষ বিভাগে বাংলাদেশ সেনাবাহিনীকে ৫ পয়েন্টে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ নৌবাহিনী। চ্যাম্পিয়ন দলের খেলোয়াড় মেহেরপুরের মেহেদী গোল্ড মেডেল জয় করেছেন।
গোল্ড মেডেল পাওয়ার পর আজ দুপুরে তিনি মেহেরপুর প্রতিদিনকে বিষয়টি নিশ্চিত করেছেন।
তিনি জানান, রাজধানীয় ধানমণ্ডিতে ৯ম বঙ্গবন্ধু বাংলাদেশ গেমস বাস্কেটবল ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে। এতে মেহেদী বাংলাদেশ নৌবাহিনীর হয়ে খেলায় অংশ নেন। বাংলাদেশ নৌবাহিনী ৫ পয়েন্টে বাংলাদেশ সেনবাহিনীকে পরাজিত করে। বাংলাদেশ নৌবাহিনী ৫৭ পয়েন্ট অর্জন করে এবং বাংলাদেশ সেনবাহিনী অর্জন করে ৫২ পয়েন্ট। খেলা শেষে চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের গোল্ড মেডেল পরিয়ে দেওয়া হয়। বাংলাদেশ বাস্কেটবল ফেডারেশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিনের সভাপতিত্বে সমাপণী

অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের মহাসচিব সৈয়দ শাহেদ রেজা।

মেহেরপুরের আকাশ ও শামীমকে ছাগল চুরির ঘটনায় গাংনীতে গণপিটুনী

মেহেরপুরের গাংনীর সাহারবাটি গ্রামে দুই ছাগল চোরকে ধরে গণপিটুনী দিয়ে পুলিশে সোপর্দ করেছেন স্থানীয় জনতা। আজ বৃহষ্পতিবার দুপুর সাড়ে ১২ টার দিকে এ ঘটনাটি ঘটে।
ছাগল চোপ দুজন হচ্ছেন- মেহেরপুর শহরের মল্লিকপাড়ার ইকবাল আলীর ছেলে আকাশ(২২) ও শাহাদত হোসেনের ছেলে শামীম(২০)। অভিযোগের ভিত্তিতে দুজনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে বলেন জানান গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা।
গাংনী থানার ওসি (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, গাংনীর সাহারবাটি গ্রামের জনৈক মুক্তির বাড়ির পাশ থেকে তার দুটি বড় খাসি ছাগল চুরি করে আকাশ ও শামীম একটি ইজিবাইক যোগে পালিয়ে আসছিল। স্থানীয় লোকজন তাদের দুজনকে ধরে গণপিটুনী দিয়ে পুলিশকে জানায়। সংবাদ পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থলে গিলে চোর দুজনকে উদ্ধার করে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা প্রদান করে। সেই সাথে চুরির কাজে ব্যবহৃত ছাগলসহ ইজিবাইকটিও জব্দ করে থানায় নিয়ে আসে।
গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) বজলুর রহমান জানান, চোর এবং ছাগল থানায় আনা হয়েছে। ভুক্তভোগিরা অভিযোগ করলে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

মুজিবনগরে লকডাউন ও মাস্ক পরিধান নিশ্চিত করতে উপজেলা প্রশাসনের অভিযান

মেহেরপুরের মুজিবনগরে লকডাউন ও মাস্ক পরিধান নিশ্চিত করতে অভিযান পরিচালনা করেছে উপজেলা প্রশাসন।
গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে উপজেলার কেদারগঞ্জ বাজার দারিয়াপুর বাজার সহ বিভিন্ন বাজারের দোকান গুলোতে অভিযান পরিচালনা করেন। এ সময় তিনি স্বাস্থ্য বিধিমেনে এবং মাস্ক পরিধান করে সরকারি প্রজ্ঞাপন মেনে চলা ফেরা ও পণ্য ক্রয় বিক্রয় করার জন্য সকলকে নির্দেশ প্রদান করেন এবং খাবারের হোটেল গুলোতে পার্সেল এর মাধ্যমে খাবার বিক্রয়ের জন্য নির্দেশ প্রদান করেন।
এ সময় মাস্ক পরিধান না করার কারনে ৩ জনের কাছ থেকে ৬০০ টাকা জরিমানা আদায় করা হয় এবং শ্রমজীবি মানুষের মাঝে মাস্ক বিতরণ করা হয়।
অভিযানে গাংনী র্যাব এর একটি টিম নির্বাহী অফিসারকে সহযোগীতা করেন।

মেহেরপুরের আমঝুপিতে স্বাস্থ্য বিভাগের অভিযান

মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে মেহেরপুরের আমঝুপি বাজারে অভিযান চালিয়ে বিএসটিআই’র ভুয়া লোগো লাগিয়ে বিক্রি করার সময় অনিরাপদ, মানহীন, মানসম্পন্ন নয় এমন খাদ্য পণ্য সামগ্রী জব্দ করা হয়েছে।
মেহেরপুর সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম এর নেতৃত্বে আমঝুপি বাজারে অভিযান চালিয়ে মেহেরপুরের গাংনী উপজেলার কল্পনা বেকারীর প্রস্ততকৃত, অনিরাপদ, মানহীন, মানসম্পন্ন নয় এমন

খাদ্য পন্য সামগ্রির প্যাকেটের গায়ে ভুয়া ও প্রতারণা মূলক ভাবে বিএসটিআই এর লগো সিল দিয়ে বিক্রয় ও সরবরাহ করে আসছিল।
এসময় গাড়ী চালক রবিউল ইসলামের নিকট বিভিন্ন ধরনের পণ্য জব্দ করা হয়। নিরাপদ খাদ্য আইন অনুযায়ী এই সব খাদ্য সামগ্রী জব্দ করা হয়।

মেহেরপুর পৌর শাখা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা

মেহেরপুর পৌর শাখা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন ও সাধারণ সম্পাদক মুস্তাসির জামান মৃদুল স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে শহর ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা করা কথা জানানো হয়।
প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখার এক জরুরি সিদ্ধান্ত মোতাবেক মেহেরপুর পৌর শাখা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উক্ত কমিটি বিলুপ্ত করা হলো।
একইসাথে নতুন কমিটি গঠনের লক্ষ্যে সকল পদ প্রত্যাশীদের আগামী সাত কার্যদিবসের মধ্যে জেলা ছাত্রলীগের সভাপতি সাধারণ সম্পাদকের নিকট জীবন বৃত্তান্ত প্রদানের জন্য নির্দেশ দেওয়া হলো।

মেহেরপুরে ট্রাক্টর ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে ২ জন আহত

মেহেরপুর সদর উপজেলার গোভিপুর-হরিরামপুর সড়কে ইট বোঝাই ট্রাক্টর ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে শরিফুল ইসলাম ও আদরী নামের এক মহিলাসহ দুই ব্যক্তি আহত হয়েছেন।

আহতদের মধ্যে শরিফুলের অবস্থা গুরুতর হওয়ায় তাকে মেহেরপুর থেকে রাজশাহী রেফার্ড করা হয়েছে।
গতকাল বুধবার দুপুরের দিকে এ ঘটনা ঘটে। শরিফুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার ঝাঁঝা গ্রামের বজলুর রহমানের ছেলে এবং আদুরী ফতেপুর গ্রামের রবিদাসের স্ত্রী।
জানা গেছে, ঘটনার সময় আহত ২ জন ইজিবাইক যোগে বাড়ি আসার পথে পথিমধ্যে গোভিপুর- হরিরামপুরের মাঝামাঝি স্থানে বিপরীতগামী একটি ইট বোঝায় ট্রাক্টর এর সঙ্গে মুখোমুখি সংঘর্ষ ঘটে। এতে ওই দুই ব্যক্তি আহত হয়। আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়া হলে শরিফুল কে রাজশাহী রেফার্ড করা হয়।

হাজী আব্দুল জলিল শপিং কমপ্লেক্সের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা আমঝুপিতে হাজী আব্দুল জলিল শপিং কমপ্লেক্স প্রধান অতিথি হিসেবে শুভ উদ্ধোধন করেন আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান আহমেদ।
সভাপতিত্ব করেন হাজী আব্দুল জলিল, দোয়া পরিচালনা করেন আমঝুপি আলিম মাদরাসা অধ্যক্ষ মাহবুব আলম।
আরো উপস্থিত ছিলেন মতিহার রহমান, হাফেজ মওলানা দাউদ হোসেন, কারী বেলাল হোসেন, হাফেজ আবুল খয়ের, গোলাম ফারুক, জাকির হোসেন প্রমুখ।

অভিযোগ সাব-রেজিস্টার অভিজিত

করের বিরুদ্ধে

অতিরিক্ত ২ হাজার টাকা না দিলে দলিলে স্বাক্ষর করেন না মুজিবনগর উপজেলার সব রেজিস্টার অভিজিত কর।
এমন অভিযোগ এনে গতকাল বুধবার দিনব্যাপী কলম বিরতি পালন করেন মুজিবনগর সাবরেজিস্টার অফিসের দলিল লেখকরা। তাদের অভিযোগ দলিল প্রতি অতিরিক্ত ২ হাজার টাকা না দিলে দলিলে স্বাক্ষর করেন না সাব রেজিষ্ট্রার।
এছাড়াও লকডাউনের কারণে সাব রেজিস্টারের জায়গায় অফিসের অফিস সহকারী স্বাক্ষর করে একটি প্রজ্ঞাপন জারি করে। যেখানে বলা হয়েছে দিনে ২০টি করে দলিল স্বাক্ষর করা হবে। তবে বৃহস্পতিবার দুপুর ২ টা পর্যন্ত ৫টি মাত্র দলিলে স্বাক্ষর করেন সাব রেজিস্টার অভিজিত কর। এ নিয়ে দলিল লেখকদের সাথে তার কথাকাটিও হয়।
দলিল লেখক রকিবুল, জামিরুল, সাইফুল ও শহিদুল জানান, সাব রেজিস্টারের কাছে দলিলে স্বাক্ষর করতে গেলে তিনি আমাদেরকে বলেন, দলিল প্রতি ২ হাজার টাকা না দিলে স্বাক্ষর করবো না। দুপুর ২ টা পর্যন্ত মাত্র ৫ টি দলিল করার পর বাকি দলিলগুলো টাকা ছাড়া না সাক্ষর করায় কলম বিরতি নেওয়ার এমন সিদ্ধান্ত নিয়েছি।
দলিল লেখক সমিতির সভাপতি আফাজ উদ্দীন জানান, আমার দলিল নিয়ে তিনার কাছে স্বাক্ষর করাতে গেলে তিনি বলেন ২ হাজার টাকা করে দিতে। কিন্তু আমরা টাকা দিতে রাজি না হলে তিনি দলিল রেখে চলে যান।
সাধারণ সম্পাদক নজরুল ইসলাম জানান, তিনি আমাদের সাথে প্রতিনিয়ত এরকম করতে থাকেন। আজকেও তিনি টাকা দেয়ার বিষয়ে আমাদের চাপ দিতে থাকেন। আমরা টাকা না দেয়ায় তিনি স্বাক্ষর করেন না। তাই আমরা শেষ মেষ কলম বিরতির এমন সিদ্ধান্ত নিতে বাধ্য হলাম।
দলিল লেখকদের এমন অভিযোগ অস্বীকার করে সাব রেজিস্টার বলেন, আমি দলিলে স্বাক্ষর করার বিষয়ে কোন টাকা চাইনি। সরকারী নির্দেশনা অনুযায়ী সিমীত আকারে জরুরী দলিল ছাড়া বাড়তি কোন দলিল না করতে চাওয়ায় তারা এমন অভিযোগ করেছে।